

এ, কে, এম, ফারুকের দু'টি কবিতা

কষ্ট

আশৈশবের রঙ্গীন ঘূড়ি উড়লো না আর আকাশ জুড়ে
মনের কোনে রইল পড়ে কষ্টে আঁকা তোমার ছবি ।
সময়পোকা খাচ্ছে কেড়ে অবলীলায় অষ্টপ্রহর
এক চুমুকে সকাল বিকাল সোনালী রোদ, শ্যামল ছায়া ।
অলীক সেতো নির্ভরতার আশায় তোমায় হাত বাঢ়ানো
সময় ফুরোয়, কষ্ট তবু ফুরোলো কী?

তোমার জন্য

তোমার জন্য সব ছেড়েছি বলে
তাইতো হাজার জানলা গেল খুলে ।
তোমায় খোঁজার আশৈশবের নেশায়
কেটেছে দিন নীরব নিমগ্নতায় ।
এখন আমার ঘরে তোমার মেলা
সকাল দুপুর বিকেল সন্ধ্যে বেলা ।
অনেক তো দিন কাটলো অবহেলায়;
ভুল জগতের ভিন্নতর খেলায়;
কারও কাছেই চাই না কিছু আর
তোমার উপর ছেড়েছি সব ভার ।